

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
নির্মাণ অধিশাখা

বিষয়ঃ 4<sup>th</sup> Health Nutrition and Population (HNP) Sector Program প্রণয়নের জন্য Operation Plan (OP) আগামী ৫ বছর নির্মাণ কাজসহ বিভিন্ন প্রতিষ্ঠান নির্মাণ করা হবে। সুষ্ঠুভাবে এবং প্রয়োজনীয় নির্মাণ কাজ সম্পন্নের জন্য অগ্রাধিকার ভিত্তিতে তালিকা তৈরী করার নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

4<sup>th</sup> Health Nutrition and Population (HNP) Sector Program প্রণয়নের জন্য Operation Plan (OP) ভিত্তিক খসড়া অপারেশনাল প্লান প্রণয়নের লক্ষ্যে গত ২৪/০৭/২০১৬ ও ২৭/০৭/২০১৬ খ্রিঃ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উঃ ও চিঃ শিঃ) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশ করা হলো।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন।

০৩। সভার শুরুতেই বিগত অপারেশনাল প্লানের অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। বিগত অপারেশনাল প্লানের কার্যক্রম ও বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, তাদের অধিদপ্তরের অনুকূলে ৯৭টি বিভিন্ন স্থাপনার কাজ অর্ন্তভুক্ত ছিল। বেশীর ভাগ কাজের দরপত্র আহবান করা হয়েছে বেশ কিছু কাজ চলমান রয়েছে। উল্লেখিত কাজগুলি দ্রুত সম্পন্ন করা হবে মর্মে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানিয়েছেন। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি জানান যে তাদের বেশীর ভাগ কাজ বাস্তবায়িত হয়েছে কিছু কাজ চলমান আছে এবং কিছু কাজ অপারেশনাল প্লানের সময়ের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হবে না যা পরবর্তী ওপি-তে অন্তর্ভুক্ত করতে হবে।

০৩। বিভিন্ন বিভাগীয় পরিচালক এবং মেডিকেল কলেজের অধ্যক্ষ/তীদের প্রতিনিধি আলোচনায় অংশ গ্রহণ করে তীদের প্রতিষ্ঠানের কাজের বিষয়ে মতামত ব্যক্ত করেন।

০৪। সভাপতি মহোদয় জানান যে, সকল নির্মাণ কাজ চলমান আছে তা আগামী ডিসেম্বর/২০১৬ এর মধ্যে শেষ করতে হবে। সভায় পরবর্তী ওপি কিভাবে বাস্তবায়ন করা হবে তার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৫। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) চলমান সবকাজ সমূহের বাস্তবায়ন অগ্রগতি (Physical ও Financial) প্রতিবেদন আগামী ১০/০৮/২০১৬ এর মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।
- (খ) দেশের সরকারী মেডিকেল কলেজ/হাসপাতাল/ইনস্টিটিউট সমূহের নির্মাণ বিষয়ক কোন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে কিনা এবং কোন প্রকল্প গ্রহণ প্রক্রিয়াধীন কিনা তা জানানোর জন্য স্বাস্থ্য অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ এ মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগকে ৭(সাত) দিনের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।
- (গ) প্রকল্প আওতার বাহিরে বিদ্যমান ওপি'র অধীনে কোন কোন নির্মাণ কাজ অসমাপ্ত রয়েছে এবং নতুন কি কাজ অর্ন্তভুক্ত করা প্রয়োজন তা আগামী ৭(সাত) দিনের মধ্যে স্বাস্থ্য অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোট/সেবা পরিদপ্তর/সকল মেডিকেল কলেজ/সকল হাসপাতাল/ইনস্টিটিউট/নিটোর এ মন্ত্রণালয়কে জানাবে।
- (ঘ) গণপূর্ত অধিদপ্তর ও স্বাস্থ্য প্রকৌশল বিভাগের নির্মাণাধীন সকল নির্মাণ কাজ দ্রুত শেষ করে স্ব স্ব কর্তৃপক্ষের নিকট বুদ্ধিয়ে দিতে হবে।
- (ঙ) কতটি কমিউনিটি ক্লিনিক জরুরী মেরামত করা তথা পুনঃ নির্মাণ করা প্রয়োজন তার তালিকা উপস্থাপন করতে হবে।
- (চ) বিগত ৫ অর্থ বছরে যে সকল স্বাস্থ্য স্থাপনার কাজ সম্পন্ন করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বুদ্ধিয়ে দেয়া হয়েছে তার প্রয়োজনীয় তালিকা/বিবরণী আগামী ১০ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৬। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-  
(নাসির আরিফ মাহমুদ)  
অতিরিক্ত সচিব (উঃ ও চিঃ শিঃ)  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

নং-৪৫.১৬৭.১১৬.০০০০.০১৯.২০১৬- ৭০৪

তারিখঃ ০২-৬-২০১৬

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, (সকল) -----মেডিকেল কলেজ, -----।
- ৪। বিভাগীয় পরিচালক, (সকল) -----।
- ৫। পরিচালক, (সকল) -----।
- ৬। মুখ্য-প্রধান (পরিকল্পনা), পরিকল্পনা অনুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপ-সচিব, মেরামত ও সংরক্ষণ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫, ইসপাহানী ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত-সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

*Amir*  
০২.০৬.২০১৬  
(নাসির আরিফ মাহমুদ)  
অতিরিক্ত সচিব (উঃ ও চিঃ শিঃ)  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।